দৈনিক সংবাদ

তারিখ 12 SEP 1996
পৃষ্ঠা ৫ কলাম ৭

# গাজীপুরে আন্তর্জাতিক সাক্ষরতা দিবস পালিত

গাজীপুর, ১১ই সেপ্টেম্বর (নিজস্ব সংবাদদাতা)।– গত ৮ই সেপ্টেম্বর জেলা প্রশাসনের উদ্যোগে গাজীপুরে আন্তর্জাতিক সাক্ষরতা দিবস পালিত হয়েছে। এবারের সাক্ষরতা দিবসের প্রতিপাদ্য বিষয় হচ্ছে 'শিক্ষা ছাড়া উপায় নেই, চল সবাই পড়তে যাই।' এ উপলক্ষে জেলা প্রশাসনের উদ্যোগে দিনব্যাপী বিভিন্ন কর্মসূচির আয়োজন করা হয়। সকালে জেলা প্রশাসক কার্যালয় প্রাঙ্গণ থেকে একটি বর্ণাঢ্য শোভাযাত্রা বের হয়। গৃহায়ন ও গণপূর্ত প্রতিমন্ত্রী আফছারউদ্দিন, আহমদ খান শোভাযাত্রায় নেতৃত্ব দেন। এরপর তিনি প্রতীক সাক্ষরতা কার্যক্রমের উদ্বোধন করেন। সাক্ষরতা দিবস উপলক্ষে জেলা প্রশাসক মিলনায়তনে আলোচনা সভার আয়োজন করা হয়। গাজীপুরের জেলা প্রশাসক মোঃ নজরুল ইসলামের সভাপতিত্বে আলোচনায় অংশগ্রহণ করেন গৃহায়ন ও গণপূর্ত প্রতিমন্ত্রী আফছারউদ্দিন আহমদ খান, গাজীপুর পৌরসভার চেয়ারম্যান আ·ক·ম মোজাম্মেল হক, কাজী আজিমউদ্দিন কলেজের অধ্যক্ষ হাসান ওয়ায়েজ, ভাওয়ালরত্ন মোঃ নূরুল ইসলাম এবং অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) এ কে এম আবদুল আউয়াল মজুমদার।

এরপর জেলা প্রশাসন মিলনায়তনে সাক্ষরতা বিষয়ক এক সেমিনার অনুষ্ঠিত হয়। বিকেলে কাবাডি খেলা অনুষ্ঠিত হয়। সন্ধ্যায় সাক্ষরতা বিষয়ক সিনেমা প্রদর্শনী এবং গণসঙ্গীত পরিবেশন করা হয়।